

🔳 वाल-মুমিनुन | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩: ১১৪

আরবি মূল আয়াত:

قُلَ إِن لَّبِثْتُم إِلَّا قَلِيلًا لَّو اَنَّكُم كُنتُم تَعلَمُونَ ﴿١١٢﴾

🗚 অনুবাদসমূহ:

তিনি বলবেন, 'তোমরা কেবল অল্পকালই অবস্থান করেছিলে, তোমরা যদি নিশ্চিত জানতে!' — আল-বায়ান তিনি বলবেন : 'তোমরা অল্প সময়ই অবস্থান করেছিলে, তোমরা যদি জানতে! — তাইসিরুল তিনি বলবেনঃ তোমরা অল্পকালই অবস্থান করেছিলে, যদি তোমরা জানতে। — মুজিবুর রহমান He will say, "You stayed not but a little - if only you had known. — Sahih International

১১৪. তিনি বলবেন, তোমরা অল্প কালই অবস্থান করেছিলে, যদি তোমরা জানতে!

তাফসীরে জাকারিয়া

(১১৪) তিনি বলবেন, 'তোমরা অল্পকালই অবস্থান করেছিলে; যদি তোমরা জানতে। [1]

[1] এর অর্থ এই যে, আখেরাতের চিরস্থায়ী জীবনের তুলনায় দুনিয়ার ক্ষণস্থায়ী জীবনের সময় সত্যই খুবই স্বল্প। কিন্তু ব্যাপারটি তোমরা পৃথিবীতে বুঝতে পারনি। যদি তোমরা পৃথিবীতে এই বাস্তবিকতা তথা পৃথিবীর ক্ষণস্থায়িত্ব সম্পর্কে সতর্ক হতে, তাহলে আজ তোমরাও ঈমানদারদের মত সফল ও সৌভাগ্যবান হতে পারতে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2787

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন